

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২৪

শ্রেণি- চতুর্থ

বিষয়:-প্রাথমিক গণিত

১। সংক্ষেপে উত্তর দাও:

- ১) ১০০০০০০ সংখ্যাটি কত অযুতের সমান?
- ২) ২৩৫১৭ সংখ্যাটিতে ৫ এর স্থানীয়মান কত?
- ৩) ২৪৬৩৭৪৫ সংখ্যাটিকে কীভাবে পড়া হয়?
- ৪) ৪টি এক হাজার, ৩টি শত এবং ৫টি দশ দ্বারা সংখ্যাটি কত?
- ৫) ১ কোটি কত নিযুতের সমান?
- ৬) ১ লক্ষ = কত অযুত?
- ৭) পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যাটি কত?
- ৮) চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
- ৯) ১০ মিলিয়ন = কত লক্ষ?
- ১০) ১২৫ শত = কত?
- ১১) ৫,৭,০,৯ দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা কত?
- ১২) এক কোটি লিখার জন্য কতটি শূন্য (০) ব্যবহার করা হয়?
- ১৩) ০,২,৯,৬ দ্বারা গঠিত ক্ষুদ্রতম বিজোড় সংখ্যাটি কত?
- ১৪) কোন অঙ্ক দ্বারা সংখ্যা শুরু হয় না?
- ১৫) বিয়োজন, বিয়োজ্য ও বিয়োগফলের মধ্যে সম্পর্ক লিখ।
- ১৬) ১ অযুত = কত হাজার?
- ১৭) ১ দশ কয়টি ১ এর সমান?
- ১৮) ২৫৬৮ এবং ১০৫ এর বিয়োগফল কয় অঙ্ক বিশিষ্ট?
- ১৯) ২৩৫১৪ ও ১৫৬২৭ সংখ্যা দুইটির হাজার স্থানের অঙ্কের যোগফল কত?
- ২০) চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে কত যোগ করলে তা ১০০০০ হবে?
- ২১) আলভি বার্ষিক পরীক্ষায় পেয়েছিল ৬০০ নম্বর। ১ম সাময়িক পরীক্ষায় পেয়েছিল ৫৭৫ নম্বর। বার্ষিক পরীক্ষার চেয়ে ১ম সাময়িক পরীক্ষায় কত নম্বর কম বা বেশি পেয়েছিল?
- ২২) $২৭৫+০৫+২০০ =$ কত?
- ২৩) একটি সংখ্যা থেকে কত বিয়োগ করলে সংখ্যাটি অপরিবর্তিত থাকবে?
- ২৪) ১৪০ সংখ্যাটি অপর একটি সংখ্যা থেকে ১৪০ কম হলে, অপর সংখ্যাটি কত?
- ২৫) ৫৬৪২ ও ৫৯৬৮ সংখ্যা দুটির একক স্থানের অঙ্কের বিয়োগফল কত?
- ২৬) ২২৬৭, ৫৭১২ এবং ৩৭২৭ সংখ্যাগুলোর সহস্র স্থানীয় অঙ্কগুলোর যোগফল কত?
- ২৭) নূহার বর্তমান বয়স ১১ বছর। ৩ বছর আগে তার বয়স কত ছিল?
- ২৮) গুণ্য বা গুণক যেকোন একটি শূন্য হলে গুণফল কত হবে?
- ২৯) গুণ্য ও গুণকের স্থান বিনিময় করে গুণ করলে গুণফল কী হবে?
- ৩০) একজন শ্রমিক একদিনে ১৭৫ টাকা আয় করেন। এক সপ্তাহে কত টাকা আয় করেন?
- ৩১) রানার টাকা মলির টাকার ৪ গুণ। মলির নিকট ২০ টাকা থাকলে রানার নিকট কত টাকা আছে।
- ৩২) একটি পেন্সিলের দাম ৮ টাকা হলে ২৪ টি পেন্সিলের দাম কত?
- ৩৩) কোন সংখ্যার তিন গুণ থেকে ১০ বিয়োগ করলে ২০ হয়, সংখ্যাটি কত?
- ৩৪) গুণফল নির্ণয়ের সূত্র লেখ।
- ৩৫) গুণক নির্ণয়ের সূত্র লেখ।
- ৩৬) গুণ্য নির্ণয়ের সূত্র লেখ।
- ৩৭) ৩টি খাতার দাম ২১ টাকা হলে ১টি খাতার দাম কত?
- ৩৮) ১০টি পেন্সিলের দাম ৩০ টাকা হলে ৮টি পেন্সিলের দাম কত?
- ৩৯) ৩ ডজন ডিমের দাম ৪৮ টাকা হলে ৬টি ডিমের দাম কত?
- ৪০) ১টি ঝুড়িতে ৮টি আম ধরলে এরূপ ৯ টি ঝুড়িতে কত আম ধরবে?
- ৪১) এক ব্যক্তির দৈনিক আয় ১২০ টাকা হলে, ১ বছরে তার আয় কত?
- ৪২) একটি লিচুর দাম ৩ টাকা হলে, ২৫ টি লিচুর দাম কত?
- ৪৩) নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজ্য নির্ণয়ের সূত্র লিখ।
- ৪৪) নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজক নির্ণয়ের সূত্র লিখ।
- ৪৫) নিঃশেষে বিভাজ্য না হলে ভাজক নির্ণয়ের সূত্র লিখ।
- ৪৬) নিঃশেষে বিভাজ্য না হলে ভাগফল নির্ণয়ের সূত্র লিখ।
- ৪৭) নিঃশেষে বিভাজ্য না হলে ভাজ্য নির্ণয়ের সূত্র লিখ।
- ৪৮) ৩৬৫০০ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে?
- ৪৯) একশ লিচুর দাম ৩০০ টাকা হলে, ২৫ টি লিচুর দাম কত?

- ৫০) একজন শ্রমিক সপ্তাহে ১৫৭৫ টাকা আয় করেন। ১ দিনে কত টাকা আয় করেন?
- ৫১) এক ডজন লেবুর দাম ৬০ টাকা হলে ৪ টি লেবুর দাম কত?
- ৫২) কোন প্রক্রিয়ার সংক্ষিপ্ত রূপকে ভাগ বলে?
- ৫৩) নিঃশেষে বিভাজ্য হলে কোনটির মান শূন্য হয়?
- ৫৪) ভাজক ভাগশেষ অপেক্ষা কীরূপ হয়?
- ৫৫) দুইটি সংখ্যার গুণফল ৫২৫। একটি সংখ্যা ২৫ হলে অপর সংখ্যাটি কত?
- ৫৬) পিতার বয়স পুত্রের বয়সের ৬ গুণ। পিতার বয়স ৯০ বছর হলে পুত্রের বয়স কত?
- ৫৭) তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাকে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?
- ৫৮) একটি সংখ্যার ৪ গুণ ১১৬ হলে, সংখ্যাটি কত?
- ৫৯) ১২টি পেন্সিলের মূল্য ৬০ টাকা হলে, ২ ডজন পেন্সিলের মূল্য কত?
- ৬০) ৪টি বইয়ের দাম ১০০ টাকা হলে, ৯টি বইয়ের দাম কত?
- ৬১) পিতার বয়স ৬০ বছর এবং পুত্রের বয়স ১৫ বছর। পিতার বয়স পুত্রের বয়সের কয় গুণ?
- ৬২) ৬২৫ মিটার লম্বা ফিতাকে সমান ২৫ মিটার করে কয়টি টুকরা করা যাবে?
- ৬৩) ৩টি হালি কলার দাম ৪৮ টাকা হলে, ২টি কলার দাম কত?
- ৬৪) প্রতি কেজি চালের দাম ৩০ টাকা হলে, ৭৫০ টাকায় কত কেজি চাল পাওয়া যাবে?
- ৬৫) তিনটি সংখ্যার যোগফল ৮০০। প্রথম দুইটি সংখ্যা ৩৭৫ ও ১২৫ হলে, তৃতীয় সংখ্যাটি কত?
- ৬৬) যোগ, বিয়োগ, গুণ কোন স্থান থেকে শুরু করতে হয়?
- ৬৭) ১০ বছর পূর্বে মেয়ের বয়স ছিল ১০ বছর। ১০ বছর পরে মেয়ের বয়স কত হবে?
- ৬৮) কোন সংখ্যার সাথে ১২ যোগ করলে যোগফল ১৮০ হবে?
- ৬৯) ১টি কলার দাম ৫ টাকা হলে, ১ হালি কলার দাম কত?
- ৭০) একটি তরমুজের দাম ৪০০ টাকা এবং একটি কাঁঠালের দাম ৩০০ টাকা হলে, ২টি তরমুজ ও ৩টি কাঁঠালের দাম গাণিতিক বাক্যে কী হবে?
- ৭১) $৮ \times ৪ \neq ২২৫ \div ৭$, উক্তিটি সঠিক না ভুল?
- ৭২) $৪০ \times ৩৫ = ৮ \times ৫ \times ৩৫$, উক্তিটি সত্য না মিথ্যা।
- ৭৩) $১৩ \times ৩ > ১০০ \div ৪$, গাণিতিক খোলাবাক্যটি সঠিক না ভুল?
- ৭৪) $৬ \div ৬ \square ৫ \div ৫$, খোলাবাক্যে কোন সম্পর্ক প্রতীক বসালে গাণিতিক উক্তিটি সঠিক হবে?
- ৭৫) $\square + ৯ = ৪৯ - ১৫$ হলে, খালি ঘরের মান কত হবে?
- ৭৬) নিচের খোলা বাক্যের খালি ঘরে কোন সংখ্যা বসালে গাণিতিক বাক্যটি সঠিক হবে?
- ৭৭) $৫ \times ৩ \times ৩ \square ১৫ \times ২$, খালি ঘরে কোন সম্পর্ক প্রতীক বসবে?
- ৭৮) $৭৫ \div ১৫ \square ৪$; এখানে কোন সম্পর্ক প্রতীক হবে?
- ৭৯) ১টি চেয়ারের দাম ৪০০ টাকা ও ১ টেবিলের দাম ৯৫০ টাকা হলে, ৩টি চেয়ার ও ২টি টেবিলের দাম গাণিতিক বাক্যে কী হবে?
- ৮০) গাণিতিক বাক্যের হিসাব সাধারণত কোনদিক থেকে শুরু করতে হয়?
- ৮১) গাণিতিক ভাবে বিশেষ সংখ্যা কোনটি ?
- ৮২) দুইটি গাণিতিক বাক্যের উত্তর একই হলে তাদেরকে কোন চিহ্ন দিয়ে যুক্ত করা যায়?
- ৮৩) গাণিতিক বাক্যগুলো কী দ্বারা গঠিত?
- ৮৪) গাণিতিক প্রতীক কে কত ভাগে ভাগ করা যায়? ও কী কী?
- ৮৫) $৪ \times ৬ < ?$ এক্ষেত্রে কোন সংখ্যা বসবে?
- ৮৬) $১৪ \times ৩ \square (২৪ \div ২) \times ৪$ । খালি ঘরে কোনটি বসবে?
- ৮৭) $৮৭ + ১৩ \square ১০৮ - ৮$; \square স্থানে কোন গাণিতিক প্রতীক বসবে?
- ৮৮) $৬৯ \square ১৩ = ৭ \times ৮$ । খালি ঘরে কোন প্রক্রিয়া প্রতীক বসবে?
- ৮৯) যেকোনো সংখ্যার ক্ষুদ্রতম গুণিতক কত?
- ৯০) যেকোনো সংখ্যার বৃহত্তম গুণনীয়ক কত?
- ৯১) ১০ এর ক্ষুদ্রতম গুণনীয়ক কত?
- ৯২) ১০ এর ক্ষুদ্রতম গুণিতক কত?
- ৯৩) গ.সা.গু এর পূর্ণ অর্থ লিখ।
- ৯৪) ল.সা.গু এর পূর্ণ নাম লিখ?
- ৯৫) কোনো সংখ্যা ৫ দ্বারা বিভাজ্য হওয়ার শর্ত কী?
- ৯৬) ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?
- ৯৭) ৩১ থেকে ৫০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
- ৯৮) ১ থেকে ১০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
- ৯৯) ১১ থেকে ২৩ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
- ১০০) ২১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
- ১০১) ১০ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
- ১০২) ২০ থেকে ৪০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?

- ১০৩) ৯১ থেকে ১০০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?
 ১০৪) ৫০ এর ঠিক পরবর্তী মৌলিক সংখ্যাটি লিখ।
 ১০৫) ১, ২, ৩, ৪, ৫ সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাটি মৌলিক সংখ্যা নয়।
 ১০৬) সরলরেখা কী?
 ১০৭) যদি কোনো রেখার একটি প্রান্ত থাকে তাকে কী বলে?
 ১০৮) লম্বরেখাসমূহ পরস্পর কীভাবে মিলিত হয়?
 ১০৯) কোণের আকৃতি পরিমাপের একক কী?
 ১১০) কোণ আঁকার জন্য কয়টি রেখাংশের প্রয়োজন?

১ম অধ্যায়-বড় সংখ্যা ও স্থানীয় মান

- ১) ৮, ৫, ০, ২, ৭
 ক) বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটি তৈরি কর।
 খ) বৃহত্তম সংখ্যাটির পূর্বের সংখ্যাটি কত?
 গ) ক্ষুদ্রতম সংখ্যাটির পরবর্তী সংখ্যাটি কত?
- ২) ০, ১, ৩, ৪, ৭, ৯
 ক) বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটি তৈরি কর।
 খ) বৃহত্তম বিজোড় ও ক্ষুদ্রতম জোড় সংখ্যা তৈরি কর।
 গ) বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটির যোগফল নির্ণয় কর।
- ৩) ০, ২, ৯, ৬, ৮, ৪
 ক) বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটি তৈরি কর।
 খ) বৃহত্তম বিজোড় ও ক্ষুদ্রতম জোড় সংখ্যা তৈরি কর।
 গ) বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটির বিয়োগফল নির্ণয় কর।
- ৪) শিক্ষক বোর্ডে ৫১৭৮৫ সংখ্যাটি লিখে শিক্ষার্থীদেরকে উচ্চস্বরে পড়তে বললেন।
 ক) সংখ্যাটি কথায় লিখ।
 খ) সংখ্যাটির সঠিক স্থানে কমা বসাও।
 গ) বোর্ডে লিখা সংখ্যাটির স্থানীয় মান নির্ণয় কর।

২য় অধ্যায়-যোগ ও বিয়োগ

- ৫) মা ও মেয়ের বর্তমান বয়সের সমষ্টি ৯৮ বছর। ১২ বছর পূর্বে মেয়ের বয়স ছিল ২৫ বছর।
 ক) বর্তমানে মেয়ের বয়স কত?
 খ) ৮ বছর পর মেয়ের বয়স কত হবে?
 গ) ১০ বছর পর মা ও মেয়ের বয়সের সমষ্টি কত হবে?
- ৬) একটি শহরে ২৩৪৬৫ জন পুরুষ, ২৩৩৫ জন মহিলা ও ১১৮৬০ জন শিশু বাস করে।
 ক) ঐ শহরে পুরুষ ও মহিলার মোট সংখ্যা কত?
 খ) ঐ শহরে মহিলা ও শিশুর মোট সংখ্যা কত?
 গ) শহরটিতে পুরুষ ও শিশুর মোট সংখ্যা কত?
- ৭) একটি বনে একটি বট গাছ ও একটি পাইন গাছ আছে। ১৫০ বছর পূর্বে গাছ দুইটির বয়সের যোগফল ছিল ২৯৬১ বছর। বর্তমানে পাইন গাছটির বয়স ১৪৩২ বছর।
 ক) বর্তমানে গাছ দুইটির একত্রে বয়স কত?
 খ) বর্তমানে বট গাছটির বয়স কত?
 গ) ২০০ বছর পর পাইন গাছটির বয়স কত হবে?
- ৮) তিনটি সংখ্যার যোগফল ৮৪০২৫। তাদের মধ্যে দুইটি সংখ্যা ১২৪৫০ ও ৩৭৮৬৫।
 ক) দুইটি সংখ্যার যোগফল কত?
 খ) তৃতীয় সংখ্যাটি কত?
 গ) তৃতীয় সংখ্যাটির আগের সংখ্যার সাথে ৫২৯৩ যোগ করলে যোগফল কত?
- ৯) গীতা অপেক্ষা শিহাবের ৩৯০ টাকা বেশি আছে। শিমুল অপেক্ষা গীতার ৪৭০ টাকা কম আছে। শিমুলের কাছে ৮৯০ টাকা আছে।
 ক) গীতার কাছে কত টাকা আছে?
 খ) শিহাবের কত টাকা আছে?
 গ) শিমুল, গীতা ও শিহাবের কাছে মোট কত টাকা আছে?
- ১০) শরীফ সাহেব মাসিক বেতন পান ২৬৫৫০ টাকা। তিনি বাড়ি ভাড়া দেন ১০০৫০ টাকা। সংসার খরচের জন্য স্ত্রীকে দেন ১১৫০০ টাকা। ছেলে ও মেয়ে প্রত্যেককে ১০০০ টাকা করে দেন।
 ক) বাড়ি ভাড়া, সংসার খরচ ও ছেলে মেয়েদের জন্য মোট কত টাকা খরচ করেন?

- খ) বাড়ি ভাড়ার চেয়ে সংসার খরচ কত টাকা বেশি?
গ) তাঁর কত টাকা অবশিষ্ট রইল?

- ১১) একটি পুকুরে রুই মাছ ১২১টি, কাতল মাছ ৩৭০টি, মৃগেল মাছ ৫৫০টি ও তেলাপিয়া মাছ ৭৫০টি আছে।
ক) পুকুরে রুই ও কাতল মাছের মোট সংখ্যা কত?
খ) পুকুরে রুই অপেক্ষা মৃগেল মাছের সংখ্যা কত বেশি?
গ) পুকুরে কাতল অপেক্ষা তেলাপিয়া মাছের সংখ্যা কত বেশি?

- ১২) রবিন সাহেব ৫০০০ টাকা নিয়ে বাজারে গেলেন। বাজার থেকে ৮৫০ টাকা দিয়ে একটি ইলিশ মাছ, ২০০০ টাকা দিয়ে এক বস্তা চাল, ২০০ টাকার ডাল ও ৬৮০ টাকার সবজি কিনল।
ক) ইলিশ মাছ ও ডাল বাবদ তিনি কত টাকা খরচ করলেন?
খ) তিনি মোট কত টাকার বাজার করলেন?
গ) তার কাছে আর কত টাকা অবশিষ্ট রইল?

- ১৩) রফিক সাহেবের মাসিক বেতন ৯৮৭০ টাকা। তিনি প্রতি মাসে বাড়ি ভাড়া ৩৮০০ টাকা ও সংসার খরচ ৫৬৫০ টাকা করেন। বাকি টাকা তিনি ব্যাংকে জমা করেন।
ক) প্রতি মাসে তিনি কত টাকা খরচ করেন?
খ) তাঁর মাসিক ব্যাংকে জমা কত?
গ) ৬ মাসে তিনি কত টাকা বেতন পান?

- ১৪) একটি গুদামে ৮৩৭৫ বস্তা চিনি, ১১৮৬০ বস্তা গম, ১২৭২০ বস্তা চাল আছে।
ক) ঐ গুদামে চিনি অপেক্ষা গম কত বস্তা বেশি আছে?
খ) ঐ গুদামে গম ও চাল কত বস্তা আছে?
গ) ঐ গুদামে মোট কত বস্তা জিনিস আছে?

তৃতীয় অধ্যায়-গুণ

- ১৫) করিম সাহেব ব্যাংক থেকে টাকা তুললেন ১০ টাকার ৮টি বান্ডিল ও ৫ টাকার ৩টি বান্ডিল। প্রতি বান্ডিলে ১০০টি নোট থাকে।
ক) ৫ টাকার ২টি বান্ডিলে কত টাকা হবে?
খ) ১০ টাকার ৮টি বান্ডিলে কত টাকা হবে?
গ) করিম সাহেব ব্যাংক থেকে মোট কত টাকা তুললেন?

- ১৬) একজন শ্রমিক প্রতিদিন কাজ করে ৩৫০ টাকা আয় করেন এবং প্রতিদিন ২২০ টাকা ব্যয় করেন। তিনি মোট ৪ মাস ৫ দিন কাজ করলেন।
ক) ১৫ দিনে তাঁর আয় কত?
খ) তিনি ৪ মাস ৫ দিনে কত টাকা আয় করেন?
গ) তিনি ৪ মাস ৫ দিনে কত টাকা ব্যয় করেন?

- ১৭) শুভর নিকট ১৩০টি মার্বেল আছে। শুভর ২৫ গুণ মার্বেল এশার নিকট আছে। নিশাতের নিকট এশার ২৩ গুণ মার্বেল আছে।
ক) শুভর ৪ গুণ মার্বেল সমান কত?
খ) এশার নিকট কয়টি মার্বেল আছে?
গ) নিশাতের নিকট কয়টি মার্বেল আছে?

- ১৮) সোহাগের কাছে ২৩০ টাকা আছে। সোহাগের ২৫ গুণ টাকা জনির কাছে আছে। ববির কাছে জনির ৩৫ গুণ টাকা আছে।
ক) সোহাগের ৪ গুণ টাকা সমান কত?
খ) জনির কাছে কত টাকা আছে?
গ) ববির কাছে কত টাকা আছে?

- ১৯) একটি খাতা প্রস্তুত করতে ১৭৮টি কাগজের প্রয়োজন।
ক) এরূপ ২৪৫টি খাতা তৈরি করতে কতটি কাগজের প্রয়োজন হবে?
খ) প্রতিটি কাগজের মূল্য ৮ টাকা হলে মোট খাতা তৈরি করতে কত টাকা লাগবে?
গ) ৯৫৫টি খাতা প্রস্তুত করতে কতটি কাগজের প্রয়োজন হবে?

- ২০) রহিমা সেলাই করে প্রতিদিন ১২৫ টাকা উপার্জন করেন।
ক) তিনি ১ সপ্তাহে কত টাকা উপার্জন করেন?
খ) তিনি ১ মাস ২০ দিনে কত টাকা উপার্জন করেন?
গ) তিনি ৩৬৫ দিনে কত টাকা উপার্জন করেন?

২১) মেরিনার খামারে ২৫৫টি মুরগি আছে। সে প্রতিদিন ১৮২টি মুরগির ডিম পায়। প্রতিটি ডিমের মূল্য ৭ টাকা এবং প্রতিটি মুরগির মূল্য ২৮৫ টাকা।
ক) মেরিনা প্রতিদিন কত টাকার ডিম পায়?
খ) মেরিনার খামারের মুরগিগুলোর মোট দাম কত?
গ) মেরিনার বছরে কত টাকার ডিম পায়?

২২) করিম সাহেবের একটি মাটির ব্যাংক আছে। তিনি প্রতিদিন ঐ ব্যাংকে ১৭৫ টাকা জমা করেন।
ক) তিনি এক সপ্তাহে কত টাকা জমা করেন?
খ) তিনি এক মাসে কত টাকা জমা করেন?
গ) তিনি এক বছরে কত টাকা জমা করেন?

৪র্থ অধ্যায়-ভাগ

২৩) কোন সংখ্যাকে ৩৪ দিয়ে ভাগ করলে এর ভাগফল ৩ এবং ভাগশেষ ১০ পাওয়া যায়।
ক) ভাজ্য ও ভাজক কাকে বলে?
খ) সংখ্যাটি নির্ণয় কর।
গ) সংখ্যাটির ২৫ গুণ কত?

২৪) ভাজক ভাগশেষের ৩ গুণ এবং ভাগফল ভাজকের ৪ গুণ। ভাগশেষ ২ হলে,
ক) ভাজক নির্ণয় কর।
খ) ভাগফল নির্ণয় কর।
গ) ভাজ্য নির্ণয় কর।

২৫) একটি দোকান থেকে প্রতি মিটার ২৫ টাকা দরে ১৭১৬ মিটার তার ক্রয় করা হলো।
ক) মোট তারকে ৭৮টি সমান ভাগে ভাগ করলে প্রতি ভাগের দৈর্ঘ্য নির্ণয় কর।
খ) মোট তারের মূল্য নির্ণয় কর।
গ) তুমি ২৫ মিটার তার কিনলে দোকানদারকে কত টাকা দিতে হবে?

২৬) ৩৭ টি বক্সের প্রতিটিতে ৫০০টি করে টিকিট আছে। প্রতিটি টিকিটের মূল্য ২৫ টাকা।
ক) বক্সগুলোতে মোট কতটি টিকিট আছে?
খ) বক্সগুলোতে মোট কত টাকার টিকিট আছে?
গ) তুমি ১০০০ টাকা দিয়ে কয়টি টিকিট ক্রয় করতে পারবে?

২৭) ৮৫ কেজি চালের দাম ২২৯৫ টাকা।
ক) নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজ্য নির্ণয়ের সূত্রটি লেখ।
খ) প্রতি কেজি চালের দাম কত?
গ) ২৮৩৫ টাকায় কত কেজি চাল পাওয়া যাবে?

২৮) তোমার কাছে ২৭৮৪টি পুঁতি আছে। ১টি মালা তৈরি করতে ৯৮টি পুঁতি লাগবে।
ক) নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজক ও ভাগফল নির্ণয়ের সূত্রটি লেখ।
খ) মোট কতটি মালা তৈরি করা যাবে?
গ) প্রতিটি মালার বিক্রয় মূল্য ২৫০ টাকা হলে মোট মালার বিক্রয় মূল্য কত?

২৯) ২৬ জন লোকের মাঝে ৭৯৮২টি পোস্টকার্ড বিতরণ করা হলো। প্রতিটি পোস্টকার্ডের দাম ২৫ টাকা।
ক) প্রতি জন কয়টি করে পোস্টকার্ড পেল?
খ) মোট পোস্টকার্ডের দাম কত?
গ) ১০০০ টাকায় কতটি পোস্টকার্ড পাওয়া যাবে?

৩০) শিক্ষক ৪৩২টি চকলেট ১৮ জন শিক্ষার্থীর মাঝে বিতরণ করেন। চকলেট গুলো কিনতে ৫১৮৪ টাকা খরচ হয়।
ক) প্রত্যেকে কতটি করে চকলেট পাবে?
খ) প্রতিটি চকলেটের দাম কত?
গ) প্রত্যেকে কত টাকার চকলেট পাবে?

৫ম অধ্যায়-যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যা

৩১) পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৫ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ হলে,

- ক) পিতা ও পুত্রের বয়সের সমষ্টি পুত্রের বয়সের কত গুণ?
- খ) পুত্রের বয়স নির্ণয় কর।
- গ) পিতার বয়স নির্ণয় কর।

৩২) ৪টি মুরগি এবং ৩টি হাঁসের দাম একত্রে ৬৩৯ টাকা। ১টি হাঁসের দাম ৮৫ টাকা।

- ক) ৩টি হাঁসের দাম নির্ণয় কর।
- খ) ৪টি মুরগির দাম নির্ণয় কর।
- গ) ১টি মুরগির দাম নির্ণয় কর।

৩৩) ১টি গরুর মূল্য ৫টি খাসির মূল্যের সমান। একটি খাসির মূল্য ৬২৫০ টাকা।

- ক) ১টি গরু মূল্য কত?
- খ) ৫টি গরু ও ৩টি খাসি কিনতে কত টাকা লাগবে?
- গ) প্রতিটি গরুর মূল্য ২৫০ টাকা বেশি হলে ৪টি গরু কিনতে কত টাকা লাগবে?

৩৪) এক ব্যক্তি প্রতিদিন ৩৫০ টাকা আয় করেন। তিনি প্রতি মাসে ৭২৭৫ টাকা খরচ করেন। অবশিষ্ট টাকা তিনি ব্যাংকে জমা করেন।

- ক) তিনি প্রতি মাসে কত টাকা আয় করেন?
- খ) ১ বছর পর তাঁর ব্যাংকে কত টাকা জমা হবে?
- গ) ১ বছরের জমানো টাকা তাঁর ৪ ছেলের মধ্যে সমান ভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কত টাকা পাবে?

৩৫) রুপা ও মনির কাছে একত্রে ৮৭৫ টাকা রয়েছে। মনির কাছে রুপার চেয়ে ১২৫ টাকা বেশি আছে। রুপা তার টাকার ৩৫ গুণ সুমাইয়াকে দিল।

- ক) রুপার কাছে কত টাকা আছে?
- গ) মনির কাছে কত টাকা আছে?
- গ) রুপা সুমাইয়াকে কত টাকা দিল?

৩৬) একটি গরুর মূল্য ৭টি খাসির মূল্যের সমান। একটি খাসির মূল্য ৬৭৫০ টাকা।

- ক) ৭টি খাসির মূল্য কত?
- খ) ৩টি গরুর মূল্য কত?
- গ) ১টি গরু ও ৩টি খাসির মূল্যের পার্থক্য কত?

৩৭) রাজুর বর্তমান বয়স ২০ বছর। মিঠু তার চেয়ে ৫ বছরের ছোট। মিনার বয়স থেকে ১১ বছর বেশি।

- ক) মিঠুর বয়স কত?
- খ) মিনার বয়স কত?
- গ) রাজু ও মিনার বয়সের পার্থক্য কত?

৩৮) একটি মুরগির দাম ১৭০ টাকা এবং এক জোড়া কবুতরের দাম ২২০ টাকা।

- ক) একটি কবুতরের দাম কত?
- খ) প্রতিটি মুরগি ও কবুতরের দামের পার্থক্য কত?
- গ) একটি মুরগি ও একটি কবুতরের মোট দাম কত?

৬ষ্ঠ অধ্যায়-গাণিতিক প্রতীক

৩৯) $(৬৭৯ + ক) - ২১৭ = (৬৭৯ - ২১৫) + খ$

- ক) প্রক্রিয়া প্রতীক কাকে বলে?
- খ) খ এর মান ১০০ হলে ডানপক্ষ = কত?
- গ) দেখাও যে ক ও খ এর প্রতিটির মান ১৩৮ হলে বামপক্ষ < ডানপক্ষ।

৪০) একটি সংখ্যার সাথে ১৭ যোগ করলে যোগফল ২৯ ও ৬ এর বিয়োগফলের সমান হবে।

- ক) বাক্যটি প্রতীকের সাহায্য প্রকাশ কর।
- খ) অজানা সংখ্যাটি নির্ণয় কর।
- গ) অজানা সংখ্যাটির সঙ্গে ২০ যোগ করলে যোগফল ১৫ থেকে কী হবে। প্রতীকের সাহায্য প্রকাশ কর। উক্তিটি সত্য না মিথ্যা যাচাই কর।

৪১) মুক্তার কাছে \square এবং অপূর কাছে ১২টি লজেন্স আছে। দুইজনের মোট ৩০টি লজেন্স আছে
ক) মোট কতটি লজেন্স আছে তার একটি গাণিতিক বাক্য তৈরি কর।
খ) খালি ঘর \square পূরনের জন্য অজানা সংখ্যাটি নির্ণয় কর।
গ) গাণিতিক সম্পর্ক প্রতীকের সাহায্য দেখাও যে, অপূর লজেন্স মুক্তার চেয়ে বেশি নয়।

৪২) কোনো সংখ্যার সাথে ১৫ গুণ করলে গুণফল ২৭০ হয়।
ক) উক্তিটিকে গাণিতিক বাক্যে লিখ।
খ) সংখ্যাটি নির্ণয় কর।
গ) সংখ্যাটির সাতগুন ও $(৫ \times ১৩ + ৮)$ উক্তিটির পাথর্ক্য কত?

৪৩) $৩৪৩ \div ৭ \div ৭ \square ৩৪৩ \div (৭ \times ৭)$
ক) খালি ঘরের বামপাশের মান কত?
খ) খালি ঘরের ডান পাশের মান নির্ণয় কর।
গ) খালি ঘর পূরণ কর।

৪৪) $৩২ \div ৪ \div ২ \times ৩২ \div (৪ \div ২)$ একটি গাণিতিক বাক্য।
ক) বাম পক্ষের মান কত?
খ) ডান পক্ষের মান কত?
গ) বামপক্ষ ও ডানপক্ষ সমান করতে হলে বামপক্ষের সাথে কত গুন করতে হবে উক্তিটি লিখে দেখাও।

৪৫) ৫ ও অপূর একটি সংখ্যার যোগফলকে ৯ দিয়ে গুণ করলে গুণফল ৬৩ হয়।
ক) অপূর সংখ্যাটি \square ধরে, গাণিতিক বাক্যটি লেখ।
খ) অজানা সংখ্যাটি নির্ণয় কর।
গ) অজানা সংখ্যাটি গাণিতিক বাক্যে বসিয়ে বাক্যটি সঠিক না ভুল যাচাই কর।

৪৬) পঁচিশ ও পঁচিশের গুণফল, একশত কে ছয় দ্বারা গুণ করে একশত যোগ করলে যোগফল অজানা সম্পর্ক প্রতীকের জন্য সত্য হবে।
ক) অজানা সম্পর্ক প্রতীককে \square ধরে, গাণিতিক বাক্যটি লেখ।
খ) অজানা সম্পর্ক প্রতীকটি নির্ণয় কর।
গ) কোন অজানা মানের জন্য বাক্যটি সমান হবে তা নির্ণয়ের জন্য তোমার ইচ্ছেমত \square সংবলিত গাণিতিক বাক্য তৈরি কর এবং সমাধান কর।

৭ম অধ্যায়-গুণিতক ও গুণনীয়ক

৪৭) ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ কতগুলো সংখ্যা।

- ক) বড় সংখ্যাটির মৌলিক গুণনীয়ক গুলো লিখ।
- খ) মৌলিক সংখ্যাগুলোর ল. সা. গু নির্ণয় কর।
- গ) মৌলিক সংখ্যাগুলোর গ. সা. গু নির্ণয় কর।

৪৮) তোমার বিদ্যালয়ের শহীদমিনারের সামনের জায়গাটি ৭২ ফুট লম্বা ও ২৪ ফুট চওড়া। তুমি বর্গ আকৃতির টালি দিয়ে জায়গাটি ঢাকতে চাও।

- ক) ৭২ এর গুণনীয়ক গুলো নির্ণয় কর।
- খ) ৭২ ও ২৪ এর ল. সা. গু নির্ণয় কর।
- গ) সবচেয়ে বড় টালির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

৪৯) সাক্ষির ১৫টি লিচু ও ৬০টি বিস্কুট সমানভাবে ভাগ করে কতগুলো প্লেটে সাজালো।

- ক) লিচুর সংখ্যার প্রথম তিনটি গুণিতক লিখ।
- খ) সংখ্যা দুইটির ল. সা. গু নির্ণয় কর।
- গ) কোনো লিচু বা বিস্কুট অবশিষ্ট না রেখে রাখার জন্য সর্বাধিক কতটি প্লেট লাগবে।

৫০) তোমার কাছে ৩৬ সেমি লম্বা ও ২৪ সেমি চওড়া একটি কাগজ আছে। তুমি বর্গ আকৃতির রঙিন কাগজ দিয়ে কাগজের পৃষ্ঠাটি ঢাকতে চাও।

- ক) ২য় সংখ্যাটির গুণনীয়ক গুলো লিখ।
- খ) সম্ভাব্য সবচেয়ে বড় বর্গাকার কাগজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

- গ) সংখ্যাদ্বয়কে মৌলিক সংখ্যার গুণের মাধ্যমে প্রকাশ কর।
- ৫১) দুইটি ঘণ্টা সকাল ৮ টায় একত্রে বেজে পরবর্তীতে ৯ মিনিট ও ১২ মিনিট অন্তর অন্তর বাজতে লাগলো।
ক) উদ্দীপকের সংখ্যাগুলোর মধ্যে ২ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো লিখ।
খ) ঘণ্টা দুইটি বাজার সময়ের অন্তরের মৌলিক সাধারণ গুণনীয়ক নির্ণয় কর।
গ) পরবর্তী কোন সময়ে ঘণ্টা দুইটি পুনরায় বাজবে নির্ণয় কর।
- ৫২) ১০ থেকে ১৭ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে কিছু মৌলিক ও কিছু যৌগিক সংখ্যা রয়েছে।
ক) মৌলিক সংখ্যাগুলো লিখ।
খ) যৌগিক সংখ্যাগুলোকে মৌলিক সংখ্যার গুণের মাধ্যমে প্রকাশ কর।
গ) সংখ্যাগুলোর মধ্যে ৫ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর গ. সা. গু নির্ণয় কর।
- ৫৩) রশিদ সাহেব ঘূর্ণিঝড়ে আহত শিশুদের জন্য ফলের দোকান থেকে ৪৫টি কমলা ও ১৮ টি বিস্কুটের প্যাকেট কিনলেন।
ক) কমলার সংখ্যাটির গুণনীয়কগুলো নির্ণয় কর।
খ) রশিদ সাহেব সর্বাধিক কতজন শিশুর মাঝে সেগুলো বিতরণ করতে পারবেন।
গ) প্রত্যেক শিশু কতটি করে কমলা ও বিস্কুটের প্যাকেট পাবে নির্ণয় কর।
- ৫৪) দুইটি ঘণ্টার মধ্যে ক ঘণ্টাটি প্রতি ১২ মিনিট অন্তর এবং খ ঘণ্টাটি প্রতি ১৫ মিনিট অন্তর বাজে
ক) লঘিষ্ঠ সাধারণ গুণিতক কাকে বলে?
খ) ঘণ্টা দুইটি কতক্ষণ পরপর একসাথে বাজবে নির্ণয় কর।
গ) ঘণ্টা দুইটি দুপুর ১২ টায় একত্রে বাজলে পরবর্তী কোন সময়ে একত্রে বাজবে নির্ণয় কর।
- ৫৫) ৭ সে.মি. লম্বা ও ৫ সে.মি. চওড়া আয়তাকার ট্যালিকে সাজিয়ে একটি ক্ষুদ্রতম বাহুবিশিষ্ট বর্গ তৈরি করা হলো।
ক) সংখ্যা দুইটির প্রথম ৩টি গুণিতক লিখ।
খ) কত সে.মি. বাহুবিশিষ্ট ক্ষুদ্রতম বর্গ তৈরি করা যাবে নির্ণয় কর।
গ) বর্গক্ষেত্রটির পরিসীমা নির্ণয় কর।
- ৫৬) ৪৮ টি খাতা এবং ২৪ টি কলম কয়েক জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলো।
ক) প্রতিটি খাতার মূল্য ৫০ টাকা হলে কত টাকার খাতা দেওয়া হয়েছিল নির্ণয় কর।
খ) সর্বাধিক কতজন শিক্ষার্থীর মধ্যে খাতা ও কলমগুলো ভাগ করে দেওয়া যাবে নির্ণয় কর।
গ) প্রত্যেক শিক্ষার্থী কয়টি করে কলম ও খাতা পেল নির্ণয় কর।
- ৫৭) হাসান সাহেব কয়েক জন শিশুর জন্য ফলের দোকান থেকে ৪৫ টি লিচু এবং ১৮টি আম কিনলেন।
ক) লিচুর সংখ্যাটির গুণনীয়কগুলো নির্ণয় কর।
খ) সর্বাধিক কতজন শিশুর মধ্যে হাসান সাহেব ফলগুলো সমান ভাবে ভাগ করে দিতে পারবেন নির্ণয় কর।
গ) প্রত্যেক শিশু কয়টি করে লিচু ও আম পাবে নির্ণয় কর।

১৩-অধ্যায়- রেখা ও কোণ

নির্দেশনা অনুসারে নিচের জ্যামিতি গুলোর চিত্র অংকন কর এবং অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লেখ :

সমকোণ, সূক্ষকোণ, স্থূলকোণ, সরলকোণ, সন্নিকোণ, পূরককোণ, সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ।